# এসএসসি পরীক্ষা ২০২১ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ইসলাম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড: | ১ | ১ | ১ |

### সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.▶** জাবির মনে করে পৃথিবীতে শান্তি স্থাপনের জন্য একজন নবি আসা প্রয়োজন। তার বন্ধু একথা শুনে বলে আল্লাহ কুরআনে ঘোষণা করেছেন, 'বরং তিনি (মুহাম্মদ) আল্লাহর রাসুল এবং শেষ নবি'।

ক. 'রিসালাত' শব্দেরে অর্থ কী? ১

খ. আমরা রিসালাতে বিশ্বাস করব কেন? ২

গ. জাবিরের মনোভাব কোন বিশ্বাসের পরিপন্থি? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত আয়াতের পরিপ্রেক্ষিতে শেষ নবির বৈশিষ্ট্য বিশ্লেষণ করো। ৪

**২.▶** আসিফ ও শফিক উভয়ই দশম শ্রেণীর শিক্ষার্থী। আসিফ ইসলামের বিধি বিধান যথারীতি মেনে চলে। পক্ষান্তরে শফিক এ ব্যাপারে উদাসীন, একদিন অবসরে, দুজন একত্রিত হলে আসিফ শফিককে আখিরাতের অনন্ত জীবন সম্বন্ধে বিভিন্ন উপদেশ প্রদান করে বলল, ইসলামি শরিয়তের বিধি-বিধান উপেক্ষা করলে আখিরাতের জীবনে কঠিন শাস্তি ভোগ করতে হবে।

ক. 'শিরক' অর্থ কী? ১

খ. ইমান ও ইসলামের সম্পর্ক ব্যাখ্যা করো। ২

গ. আসিফ ও শফিকের চারিত্রিক বৈশিষ্ট্যের পরিণতির বর্ণনা দাও। ৩

ঘ. শফিকের বিশ্বাসের পরিণতি কুরআন ও হাদিসের আলোকে বিশ্লেষণ করো। ৪

**৩.▶** আদনান সাহেবের মেয়েগুলো লেখা-পড়া করে শালীনতা অবলম্বন করলেও, ছেলেদের শালীনতা বলতে কিছুই নেই। কারণ তিনি মনে করেন,

Teachingbd24.com

শালীনতা শুধু মেয়েদের জন্য। ইমাম সাহেব বললেন, 'সূরা নূরে আল্লাহ পাক পুরুষের শালীনতার ব্যাপারেও গুরুত্ব দিয়েছেন।'

ক. 'কায়্যাব'- অর্থ কী? ১

খ. শালীনতা অর্জনের উপায় কী? বুঝিয়ে বল? ২

গ. আদনান সাহেবের চিন্তা ত্রুটিপূর্ণ— ব্যাখ্যা করো। ৩

ঘ. ইমাম সাহেবের বক্তব্যের যথার্থতা বিশ্লেষণ করো। ৪

৪.▶ মীনা বেগম ইসলামি বিধি-বিধানগুলো ঠিকমতই পালন করেন । সেই সাথে সংসারের যাবতীয় কাজ নিজ হাতে করে থাকেন। তার স্বামী দশ লক্ষ টাকা দিয়ে মহল্লার মসজিদের সম্প্রসারণ কাজ করে দিয়েছেন।

ক. দারুল আরকাম কী? ১

খ. হযরত উসমান (রা.) কে 'যুননুরাইন' বলা হয় কেন? ২

গ. মীনা বেগমের চরিত্রে কোন মহীয়সী নারীর চরিত্র লক্ষ করা যায়? ব্যাখ্যা করো। ৩

ঘ. মীনার স্বামীর কার্যক্রমে কোন খলিফার চরিত্র ফুটে উঠেছে? ইসলামে তাঁর অবদান মূল্যায়ন করো। ৪

৫.▶ প্রেক্ষাপট:—১: সে যুগকে অজ্ঞতার যুগ বলা হয়। তিনি শান্তিকামি যুবকদের নিয়ে একটি সংঘ গঠন করেন।

প্রেক্ষাপট:—২: 'এ সনদে ৪৭' ধারাটি ছিল। এটি ছিল এক যুগান্তকারী সনদ।

ক. আরবি সাহিত্যের শ্রেষ্ঠ সম্পদের নাম কী? ১

খ. 'হারবুল ফিজার' বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে ১ নম্বর প্রেক্ষাপটে কোন বিষয়ের ইঙ্গিত দেয়া হয়েছ? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের ২ নম্বর প্রেক্ষাপটের সত্যতা বিশ্লেষণ করো। ৪

৬.▶ অনিক ষষ্ঠ শেণীর ছাত্র। হঠাৎ একদিন দুর্ঘটনায় তার বাবা মা মৃত্যুবরণ করেন। প্রতিবেশী ও আত্নীয় স্বজনেরা চিন্তিত হয়ে পড়ে যে, অনিকের কী হবে?

Teachingbd24.com

প্রতিবেশী চাচা আফজাল সাহেব বলেন, সৃষ্টিকর্তাই একটা ব্যবাস্থা করে দিবেন, অভাবমুক্ত করবেন।

ক. ইমান শব্দের অর্থ কী? ১

খ. পবিত্র কুরআনে হরকত সংযোজন করা হয় কেন? ২

গ. অনিকের অবস্থাটি তোমার পাঠ্যবইয়ের কোন সূরার সাথে মিলকৃত? ব্যাখ্যা করো। ৩

ঘ. সূরাটির শিক্ষা বিশ্লেষণ করো। ৪

**৭.▶** ফাহাদ ও আসাদ শরিয়তের উৎস সম্পর্কে আলোচনা করছিলেন। ফাহাদ বলেন কুরআন ও হাদিসই শরিয়তের উৎস। আসাদ বললেন, কুরআন ও হাদিসের নির্দেশনা অনুযায়ী ইজমা ও কিয়াস শরিয়তের তৃতীয় ও চতুর্থ উৎস হিসেবে গণ্য হয়।

ক. প্রধান ওহি লেখক কে? ১

খ. 'শানে নুযুল' কী? ব্যাখ্যা করো। ২

গ. আসাদের বক্তব্যের যথার্থতা অর্থাৎ ইজমা শরিয়তের তৃতীয় উৎস হওয়ার পক্ষে দলিল উপস্থাপন করো। ৩

ঘ. কিয়াস শরিয়তর চতুর্থ উৎস হওয়ার পক্ষে যুক্তি বিশ্লেষণ করো। ৪

Teachingbd24.com

**৮.▶** ইসলাম শিক্ষার শিক্ষক শিক্ষার্থীদের বললেন, তোমরা নামায আদায় করো। এটি ব্যক্তিকে অন্যায় থেকে বিরত রাখে। রোযা পালন করো। এটি তাকওয়া সৃষ্টি করে। হাদিসে এসেছে الصيام جنة

ক. রমযান মাসে রোযা পালন করা কী? ১

খ. 'শিক্ষককে শ্রদ্ধা করা ইবাদতের সামিল'— ব্যাখ্যা করো। ২

গ. নামায সম্পর্কিত শিক্ষকের উক্তিটি বিশ্লেষণ করো। ৩

ঘ. সাওম সম্পর্কে উদ্দীপকের হাদিসটি বিশ্লেষণ করো। ৪

**৯.▶** জাহিন সাহেব ধনী ও দানবীর ব্যক্তি। কিন্তু তিনি সম্পদের সঠিক হিসাব করে যাকাত আদায় করেন না। তার বন্ধু জেমস প্রতিবছর হজে যান। কিন্তু

আত্নীয়-স্বজন ও দুঃখীদের সাহায্য করেন না। ইমাম সাহেব দুজনের মানসিক অবস্থা পরিবর্তনের পরামর্শ দেন।

ক. নিসাব কী? ১

খ. জিহাদে আকবর বলতে কী বোঝায়? ২

গ. জাহিন সাহেবের কর্মকাণ্ড ইসলামের আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. জেমস সাহেবের মানসিকতার পরিণাম বিশ্লেষণ করো। ৪

১০.► সম্প্রতি বিভিন্ন ব্যাংকে মিথ্যা তথ্য দিয়ে কিছু ব্যবসায়ী ঋণ নিয়েছে, যার ফলে ক্ষতিগ্রস্থ হয়েছে দেশের অর্থনীতি। শুধু ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে নয় বরং বিভিন্ন ব্যবসায়ী তাদর পণ্যের মিথ্যা বিজ্ঞাপন প্রচার করে ক্রেতাদের অধিকার নষ্ট করেছে। এই ধরনের মিথ্যাচার ইসলাম ধর্মে কোনক্রমেই গ্রহণযোগ্য নয়। তাই এর থেকে পরিত্রাণ পেতে সকলের এগিয়ে আশা উচিৎ।

ক. কর্মবিমূখতা জাতির জন্য কী স্বরূপ? ১

খ. স্বদেশপ্রেম কীভাবে প্রমাণিত হয়? বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকে ব্যবসায়ীদের কর্মকাণ্ডে কীসের বহিঃপ্রকাশ ঘটেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. ব্যবসায়ীদের এ ধরনের কর্মকাণ্ড বর্জনের গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

১১.► শিক্ষক শ্রেণী কক্ষে আল-কুরআন অবতরণের প্রক্রিয়া নিয়ে আলোচনা করেছিলেন। তিনি বললেন, অন্যান্য আসমানি কিতাব একসাথে পূর্ণাঙ্গ আকারে নাজিল হলেও আল-কুরআন ছিল এর ব্যতিক্রম। মানবজাতির হেদায়তের জন্য আল্লাহ তায়ালা ক্রমে ক্রমে এটি নাজিল করেন। এরপর তিনি ছাত্রদেরকে বেশি বেশি কুরআন তেলাওয়াত করার উপদেশ দিয়ে বললেন, 'কুরআন তেলাওয়াত করা একটি উত্তম ইবাদত'।

ক. সূরা আত-তীন আল কুরআনের কততম সূরা? ১

খ. হাদিসে কুদসি বলতে কী বোঝ? ২

গ. কুরআন নাজিল সম্পর্কীত শিক্ষকের উক্তিটিতে 'ব্যতিক্রম' শব্দটি দিয়ে কী ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. শিক্ষকের সর্বশেষ উক্তিটি তোমার পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ করো।৪

https://teachingbd24.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট  পূর্ণমান — ৩০  বিষয় কোড : ১ ১ ১

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. **আল্লাহ তায়ালা হযরত ইদরিস (আ) ওপর কতখানা সহিফা নাজিল করেছেন?**
ক দশ খানা  খ পঞ্চাশ খানা
গ ত্রিশ খানা  ঘ চল্লিশ খানা

২. **'হযরত মুহম্মদ (স) তোমাদের মধ্যে কোন পুরুষের পিতা নন, বরং তিনি আল্লাহর রাসুল এবং শেষ নবি।'— এটি কুরআন মাজিদের কোন সূরা থেকে নেয়া হয়েছে?**
ক সূরা আলে-ইমরান
খ সূরা আল-আহযাব
গ সূরা আল-বাকারা
ঘ সূরা-আযযারিআত

৩. **উদ্দীপকের আয়াত দ্বারা কোন কোন বিষয়গুলো প্রমাণিত?**
i. তাওহিদ, আখিরাত, শাফাআত
ii. রিসালাত, খতমে নবুয়ত
iii. শাফাআত, কিয়ামত
**নিচের কোনটি সঠিক?**
ক i  খ iii
গ ii  ঘ i ও iii

৪. **ইসলাম ও মুসলমানদের জন্য কারা খুবই ক্ষতিকর?**
ক কাফির  খ মুশরিক
গ ফাসিক  ঘ মুনাফিক

৫. **আল হিকমা الحكمة অর্থ কী?**
ক প্রজ্ঞা  খ পথনির্দেশ
গ নিরাময়  ঘ অনুগ্রহ

৬. **কাকে জামেউল কুরআন বলা হয়?**
ক হযরত আবু বকর (রা)
খ হযরত উসমান (রা)
গ হযরত আলী (রা)
ঘ হযরত উমর (রা)

৭. **আল্লাহ তায়ালা সর্বশ্রেষ্ঠ বিচারক। এটি কুরআন মাজিদের কোন সূরার শিক্ষা?**
ক সূরা আদ-দুহা  খ আত তীন
গ ইনশিরাহ  ঘ আলমাউন

৮. **কোনটি মুমিনের অন্যতম গুণ?**
ক পরিচ্ছন্নতা  খ মিতব্যয়িতা
গ কর্তব্যপরায়ণতা  ঘ মানবসেবা

৯. **নারীদের প্রতি উত্তম ব্যবহার করা মুমিনের—**
ক আদর্শ  খ গুণ
গ কর্তব্য  ঘ নিদর্শন

**নিচের উদ্দীপকটি পড়ে ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও:**

আসলাম ও হারুন দুই ভাই। অথচ তাদের ব্যবধান আকাশ পাতাল। হারুন সাহেব ছোট কাজ করেও সুদ ঘুষ খেয়ে আঙ্গুল ফুলে কলাগাছ হয়ে গেছেন। আল্লাহর ভয়ের তোয়াক্কা তিনি করেন না। অন্যদিকে আসলাম সাহেব সব কাজের আগেই চিন্তা করেন তার কাজে আল্লাহ সন্তুষ্ট আছেন কিনা।

১০. **আসলাম সাহেবের চরিত্রে কোনটি পরিলক্ষিত হয়?**
ক তাকওয়া  খ সত্যবাদিতা
গ আহদ  ঘ আমানত

১১. **হারুন সাহেবের কাজের ফলে সমাজে—**
i. শান্তিময় অবস্থা বিরাজ করবে
ii. অনৈতিকতার বিস্তার ঘটবে
iii. অপরাধ প্রসার ঘটবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও iii  খ ii ও iii
গ iii  ঘ i, ii ও iii

১২. **রাসুলুল্লাহ (স) এর বিচক্ষণতা ও নিরপেক্ষতার প্রমাণ পাওয়া যায়—**
ক হুদায়বিয়ার সন্ধি
খ মক্কা বিজয়
গ হাজরে আসওয়াদ স্থাপন
ঘ হিলফুল ফুযুল

১৩. **মহানবি (স) এর কত বছর বয়সে তার দাদা মারা যান?**
ক সাত বছরে  খ আট বছরে
গ পাঁচ বছরে  ঘ ছয় বছরে

১৪. **তৎকালীন বাগদাদের সরকার কর্তৃক দেওয়া সুযোগ সুবিধা প্রত্যাখ্যান করে নৈতিকতা ও দীনি ইলমের মর্যাদা সমুন্নত রেখেছেন কে?**
ক ইবনে জারির আততাবারি
খ ইমাম গাযালি (র)
গ ইমাম বুখারি (র)
ঘ ইমাম আবু হানিফা (র)

Teachingbd24.com

১৫. **হাদিসের মূল বক্তব্যকে কী বলে?**
ⓚ সনদ ⓖ মতন
ⓒ রাবি ⓘ মাওকুফ

১৬. **ইজমা কখন হতে পারে?**
ⓚ মহানবি (স) এর সময়ে
ⓖ মহানবি (স) এর ইন্তেকালের পর পর
ⓒ যে কোনো যুগে
ⓘ শুধুমাত্র খুলাফায়ে রাশেদীনের যুগে

১৭. **মিসেস ফারজানা কুরবানির গোস্ত ধোয়ার পরও কিছু রক্ত দেখতে পান এবং উক্ত গোস্ত রান্না করেন। উক্ত গোস্ত খাওয়া—**
ⓚ হালাল ⓖ হারাম
ⓒ মুবাহ ⓘ সুন্নাত

১৮. **আযান দেওয়া কী?**
ⓚ সুন্নাতে যায়িদা ⓖ সুন্নাতে মুয়াক্কাদাহ
ⓒ ওয়াজিব ⓘ মুস্তাহাব

১৯. **ইসলামে গিবত করা কী?**
ⓚ হারাম ⓖ আংশিক হারাম
ⓒ হালাল ⓘ মুবাহ

**নিচের উদ্দীপকটি পড়ে ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও:**

শামসু মিয়া গ্রামের একজন গণ্যমান্য ব্যক্তি। তিনি তার ছোট ভাইয়ের মৃত্যুর পর সকল সম্পদ দখল করে ছোট ভাইয়ের সন্তানদের বাড়ি থেকে বের করে দেন।

২০. **শামসু মিয়ার কাজের মাধ্যমে শরিয়তের কোন উৎসের বিধান লঙ্ঘিত হয়েছে?**
ⓚ কুরআন ⓖ হাদিস
ⓒ ইজমা ⓘ কিয়াস

২১. **শামসু মিয়ার কাজের জন্য তাকে কী বলা যায়?**
ⓚ ফাসিক ⓖ কাফির
ⓒ মুনাফিক ⓘ যালিম

২২. **'আমর বিল মারুফ ও নাহি আনিল মুনকার' কাদের বৈশিষ্ট্য?**
ⓚ আলিমগণের ⓖ মুসলিমগণের
ⓒ মুমিনগণের ⓘ আনসারগণের

**নিচের উদ্দীপকটি পড়ে ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও:**

ফারিহা তার বান্ধবীদের গোপন কথা অন্যের কাছে বলে বান্ধবীদের সম্মান নষ্ট করে।

২৩. **ফারিহার আচরণ কীসের অন্তর্ভুক্ত?**
ⓚ যুলুম ⓖ ওয়াদা
ⓒ খিয়ানত ⓘ প্রতারণা

২৪. **ফারিহার এরূপ আচরণের ফলে—**
i. বন্ধুত্ব নষ্ট হবে
ii. গুনাহগার হবে
iii. ইমানের কমতি হবে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ ii ⓖ ii ও iii
ⓒ i ও ii ⓘ i, ii ও iii

২৫. **কোন ইবাদতটি সম্পর্কে আল্লাহ তায়ালা একটি সূরা নাযিল করেছেন?**
ⓚ সালাত ⓖ সাওম
ⓒ হজ ⓘ যাকাত

২৬. **আবু লাহাবের স্ত্রীর নাম কী?**
ⓚ উম্মে মাবদ ⓖ উম্মে কায়স
ⓒ উম্মে আইমান ⓘ উম্মে জামিল

২৭. **হযরত যায়েদ ইবনে সাবিত (রা) কুরআন সংকলনের ক্ষেত্রে কয়টি পন্থা অবলম্বন করেছিলেন?**
ⓚ দুইটি ⓖ তিনটি
ⓒ পাঁচটি ⓘ চারটি

২৮. **'যে ব্যক্তি ওয়াদা পালন করে না তার কী নেই?**
ⓚ দীন ⓖ ইমান
ⓒ চরিত্র ⓘ আমানত

২৯. **মানুষের প্রতি মানুষের হক কয়টি?**
ⓚ আটটি ⓖ ছয়টি
ⓒ সাতটি ⓘ পাঁচটি

৩০. **'আল্লাহর পথে যে বান্দার দুপায়ে ধূলি লাগে তাকে জাহান্নামের আগুন স্পর্শ করবে না।'— এটি কোন হাদিস গ্রন্থের?**
ⓚ সহিহ বুখারি
ⓖ সহিহ মুসলিম
ⓒ বায়হাকি
ⓘ ইবনে মাজাহ

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | খ | ৩ | গ | ৪ | ঘ | ৫ | ক | ৬ | খ | ৭ | খ | ৮ | গ | ৯ | ঘ | ১০ | ক | ১১ | খ | ১২ | গ | ১৩ | ঘ | ১৪ | খ | ১৫ | খ |
| | ১৬ | গ | ১৭ | ক | ১৮ | খ | ১৯ | ক | ২০ | ক | ২১ | ঘ | ২২ | গ | ২৩ | গ | ২৪ | গ | ২৫ | গ | ২৬ | ঘ | ২৭ | ঘ | ২৮ | ক | ২৯ | খ | ৩০ | ক |

Teachingbd24.com